

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি  
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারীর নিকট হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলগালা যুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

০১। দরপত্র বিজ্ঞপ্তি :

ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
০১	০৪/১৯-২০	প্রিন্টিং মালামাল	৫০০/-	৪৬,০০০/-	২০/১০/১৯ইং	২১/১০/১৯ইং	২১/১০/১৯ইং
০২	০৫/১৯-২০	আসবাবপত্র সরবরাহ	৫০০/-	২৪,৫০০/-	তারিখ রবিবার পর্যন্ত	তারিখ সোমবার	তারিখ
০৩	০৬/১৯-২০	সার্ভিস ও অন-লাইন ইউপিএস সরবরাহ	৫০০/-	১৮,০০০/-	দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত	সোমবার দুপুর ১২.৩০ মিনিট	সোমবার দুপুর ১২.৩০ মিনিট

শর্তাবলীঃ

- ০১। আত্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০২। আত্রহী দরদাতাগণ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হতে ছকে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ (খ) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ইদ্রাকপুর, মুন্সীগঞ্জ (গ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না।
- ০৩। আত্রহী দরদাতাগণ আগামী ২১/১০/২০১৯ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র (ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৪। উল্লেখিত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বিবেচনায় আনা হবে না। দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরদাতা প্রতিষ্ঠানের দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদপত্র, ব্যাংক সলভেন্সী ও বিন সাটিফিকেট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট / ট্যাক্স কর্তন করা হবে।
- ০৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।
- ০৭। দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে মুন্সীগঞ্জ পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ০৮। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৯। কার্যাদেশ প্রদানের সময়ে বর্ণিত আইটেমের মালামালের পরিমাণ কম বা বেশী করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। কোন কারন দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

জেনারেল ম্যানেজার

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ

ফোন নং-০২-৭৬১১৭৪৭, ৭৬১২৮৪৪